



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪৩১২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৩৮২

তারিখ: ১৩-১০-২০২০

বিষয়: সত্যতা যাচাই প্রসঙ্গে।

সূত্র : চলমান ম্যানেজিং কমিটির সভাপতির ০৬-০৮-২০২০ তারিখের আবেদন (আইডি- ১৬৬২)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মতান্ত্রিকভাবে ম্যানেজিং কমিটি গঠনের অভিযোগ করেন। তিনি অভিযোগ করেন যে, করোনায় মধ্যে কাউকে কিছু না জানিয়ে পকেট কমিটি গঠন করেছেন। নির্বাচিত সভাপতি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের পিতা। পিতা ও পুত্র মিলে তাকে অন্যায়ভাবে সাময়িক বরখাস্ত করেছেন। এমতাবস্থায় সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট-কে পত্র দেয়া হয়। প্রতিবেদন এখনও আসে নাই। ইতোমধ্যে ১৬৬২ নং আইডিতে চলমান ম্যানেজিং কমিটির সভাপতি বিদ্যালয় পরিদর্শক বরাবর একটি আবেদন করেন। আবারও ১৯২২ নং আইডিতে সভাপতি উক্ত আবেদন প্রত্যাহারের জন্য আবেদন করেছেন। এবং সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক ২১৩১ নং আইডিতে ৬৭০ নং আইডিতে দাখিলকৃত অভিযোগ প্রত্যাহারের জন্য আবেদন করেছেন। চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: আকবর আলী হাওলাদার এবং সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মো: মুছাফ কাককা মিয়া উভয়ে উল্লেখ করেছেন যে, বাগেরহাট-০৪ আসনের মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের মধ্যস্থতায় তাদের মধ্যকার সমস্যা সমাধান হওয়ায় তাদের দাখিলকৃত অভিযোগের আবেদন প্রত্যাহার করতে চান। এমতাবস্থায় সংশ্লিষ্ট বিদ্যালয়ের বিষয়টি মীমাংসা হয়েছে কিনা বা অভিযোগ প্রত্যাহার করেছেন কিনা সে বিষয়ে সত্যতা যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১৩-১০-২০২০

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩৪

জেলা শিক্ষা অফিসার
বাগেরহাট।

মোমো নং-বিঅ-৬/৪৩১২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৩৮২ (৬)

তারিখ: ১৩-১০-২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ২। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, এস.পি রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ন্যাসীবাজার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৫। প্রধান শিক্ষক, এস.পি রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ন্যাসীবাজার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৬। অফিস কপি।

১৩-১০-২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর